

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়  
মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ।  
www.dls.sadar.munshiganj.gov.bd

স্মারক নং-৩৩.০১.৫৯৫৬.০০০.১৬.০০১.১৯- ৩৪৭

তারিখ : ১৬/১০/২০১৯খ্রিঃ

**বিজ্ঞপ্তি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক পিপিআর রোগ নির্মূল এবং ক্ষুরারোগ নিয়ন্ত্রণ প্রকল্প এর কার্যক্রম মাঠ পর্যায়ে বাস্তবায়নের লক্ষ্যে উক্ত প্রকল্পের আওতায় ইউনিয়ন পর্যায়ে ছাগল ভেড়াকে পিপিআর এবং গবাদিপশুর ক্ষুরারোগের ভ্যাকসিন প্রদানের নিমিত্তে প্রতিটি ইউনিয়ন থেকে ০১ (এক) জন করে ভলান্টিয়ার ভ্যাকসিনেটর নিয়োগ করা হবে। নিম্নোক্ত ক্রাইটেরিয়ার ভিত্তিতে যোগ্য প্রার্থীদের নিকট থেকে নাম, পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বর, জাতীয়তা, এনআইডি নম্বর, জন্ম তারিখ, বৈবাহিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ, অভিজ্ঞতা ইত্যাদি তথ্যাদি সম্বলিত স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আত্মহীদের আগামী ২৭/১০/২০১৯খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রয়োজনীয় কাগজপত্রসহ দরখাস্ত জমাদানের জন্য অনুরোধ করা হলো।

**যোগ্যতা ও অভিজ্ঞতা :**


১. গবাদি পশু (গরু, মহিষ, ছাগল, ভেড়া) ভ্যাকসিন (টিকা) প্রদানে আত্মহী প্রার্থীদের মুন্সীগঞ্জ সদর উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
২. বয়স ২৫-৪০ বছর হতে হবে। পুরুষ প্রার্থীগণ আবেদন করতে পারবে।
৩. শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এসএসসি/সমমান পাশ হতে হবে।
৪. চাকুরীরত কোন প্রার্থীকে নিয়োগ দেয়া যাবে না।
৫. প্রাণিসম্পদ সংশ্লিষ্ট বিষয়ে তিন মাসব্যাপী প্রশিক্ষণপ্রাপ্ত অথবা পূর্বে অত্র কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে।

**প্রয়োজনীয় কাগজপত্র :**

১. স্ব-হস্তে লিখিত উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ বরাবরে আবেদনপত্র।
২. শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি।
৩. অভিজ্ঞতা/প্রশিক্ষণের সনদের সত্যায়িত কপি।
৪. ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক পদস্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি।
৫. ন্যাশনাল আইডি কার্ড অথবা স্মার্ট কার্ডের সত্যায়িত কপি।
৬. পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত ছবি।

**ডিপিপি'র শর্তানুযায়ী নিয়োগ প্রাপ্ত ভলান্টিয়ারদের সুবিধাদিঃ**

- ১। প্রকল্প থেকে প্রতিটি গবাদি পশু জন্য( গরু/মহিষ/ছাগল/ভেড়া) প্রতি ডোজ ভ্যাকসিন প্রদান বাবদ ৫(পাঁচ) টাকা করে সম্মানী প্রদান করা হবে।
- ২। প্রাপ্ত সুবিধাদি শুধুমাত্র প্রকল্প চলাকালীন সময়ের জন্য প্রযোজ্য হবে।



(ডাঃ মোঃ জাহাঙ্গীর আলম)  
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা  
মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ।

স্মারক নং-৩৩.০১.৫৯৫৬.০০০.১৬.০০১.১৯- ৩৪৭(৫)


তারিখ : ১৬/১০/২০১৯খ্রিঃ

**বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ করা হলো :**

১. জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মুন্সীগঞ্জ।
২. উপজেলা নির্বাহী কর্মকর্তা, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ।
৩. উপজেলা কৃষি কর্মকর্তা, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ।
৪. সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ।
৫. চেয়ারম্যান ..... ইউপি (সকল), মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ।

**অনুলিপি :**

১. নোটিশ বোর্ড
২. দপ্তর নথি।



উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা  
মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ।